



জুলাই সনদ বাস্তবায়ন ছাড়া নির্বাচন জনগণের সঙ্গে প্রতারণা হবে: জামায়াত সেক্রেটারি



সংগৃহীত ছবি

জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, জুলাই সনদের ভিত্তিতে নির্বাচন অনুষ্ঠিত না হলে তা জনগণের সঙ্গে প্রতারণা হবে। তিনি জানান, নির্বাচনের আগে সনদ বাস্তবায়ন না করে পরবর্তী সরকারকে এর দায়িত্ব দেওয়ার কোনো সুযোগ নেই। পাশাপাশি জুলাই ঘোষণাপত্রে ছাত্র-শিক্ষকদের অবদান না থাকায় নতুন করে তা যুক্ত করার দাবি জানান।

জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, “ভোটের আগেই জুলাই সনদ বাস্তবায়ন করতে হবে। নির্বাচনের পর নির্বাচিত সরকার এই সনদ বাস্তবায়ন করবে—এমনটি ভাবার সুযোগ নেই।”

বৃহস্পতিবার (৭ আগস্ট) জাতীয় প্রেসক্লাবে “জুলাই গণ-অভ্যুত্থানে ছাত্র, শিক্ষক, জনতার অবদান ও করণীয়” শীর্ষক আলোচনা সভায় এ কথা বলেন তিনি।

ঘোষণাপত্র নিয়ে প্রশ্ন তুলে মিয়া গোলাম পরওয়ার বলেন, “জুলাই ঘোষণাপত্রে ছাত্র ও শিক্ষকদের অবদান যথাযথভাবে স্বীকৃতি পায়নি। আমরা সরকারের কাছে আহ্বান জানাচ্ছি, এই অবদানকে নতুন করে অন্তর্ভুক্ত করা হোক। বর্তমান ঘোষণায় একটি দলের একক দৃষ্টিভঙ্গির প্রতিফলন ঘটেছে, যা গণআকাজ্জার প্রতিনিধিত্ব করে না।”

নির্বাচন প্রসঙ্গে তিনি আরও বলেন, “ঘোষণাকে জামায়াত ইতিবাচকভাবে দেখছে। তবে নির্বাচনী সংস্কার ছাড়া নির্বাচন আয়োজন হলে তা জনগণের সঙ্গে প্রতারণার শামিল হবে।”